বিসমিল্লাহির রাহমানির রাহিম

বনানী ডিওএইচএস জামে মসজিদ

নিকাহের জন্য আবেদন

আবেদনকারীর তথ্য

আবেদনকারীর নাম :.....

বাড়ি নম্বর : ..... রোড নম্বর : .....

কনে/বরের নাম: .....

কনে/বরের সঙ্গে আবেদনকারীর সম্পর্ক : .....

নিকাহ অনুষ্ঠানের তারিখ: / /

কোন নামাজের পর নিকাহ অনুষ্ঠিত হবে। ☐ যোহর ☐ আসর ☐ মাগরিব ☐ এশা ☐ জুম্মা

আবেদনকারীর ঘোষণা

আমি উপরোক্ত তথ্য সঠিকভাবে প্রদান করছি এবং বনানী ডিওএইচএস জামে মসজিদে নিকাহ অনুষ্ঠানের জন্য মসজিদ কর্তৃপক্ষের নির্ধারিত সকল নিয়ম ও শর্ত মেনে চলতে সম্মত আছি। বিশেষ করে পিতা-মাতা/বৈধ অভিভাবকের সম্মতি, মসজিদের পবিত্রতা ও শৃঙ্খলা এবং ফটোগ্রাফি/ভিডিওগ্রাফি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথভাবে পালন করব।

_____

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

সুপারিশ

অনুমোদনের সিদ্ধান্ত: ☐ সুপারিশকৃত ☐ সুপারিশকৃত নয়

স্বাক্ষর: ....., তারিখ: .....

ইমাম
বনানী ডিওএইচএস জামে মসজিদ

অনুমোদন

অনুমোদনের সিদ্ধান্ত: ☐ অনুমোদিত ☐ অনুমোদিত নয়

স্বাক্ষর: ..... তারিখ: .....

সদস্য-সচিব
বনানী ডিওএইচএস জামে মসজিদ

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বনানী ডিওএইচএস জামে মসজিদ

নিকাহ অনুষ্ঠান আয়োজনের নীতিমালা

বনানী ডিওএইচএস জামে মসজিদ একটি পবিত্র ইবাদতখানা। মসজিদের পবিত্রতা, শৃঙ্খলা ও পরিবেশ অক্ষুণ্ন রেখে মুসল্লি ও এলাকাবাসীর পারিবারিক প্রয়োজনের প্রতি সম্মান প্রদর্শনের লক্ষ্যে মসজিদে নিকাহ অনুষ্ঠান আয়োজনের জন্য নিম্নলিখিত নীতিমালা প্রণয়ন করা হলো।

১। নিকাহ অনুষ্ঠানের সময়

মসজিদে যোহর, আসর, মাগরিব, এশা অথবা জুমার নামাজের পর নিকাহ অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। তবে মসজিদের নিয়মিত ইবাদত ও কার্যক্রম যেন কোনোভাবেই বিঘ্নিত না হয়, সেদিকে বিশেষভাবে লক্ষ রাখতে হবে।

২। পিতা-মাতা বা অভিভাবকের সম্মতি

বর ও কনের পিতা-মাতা অথবা আইনগত অভিভাবকের অবগতি, সম্মতি ও সম্পৃক্ততা নিশ্চিত করতে হবে। তাঁদের সম্মতি ও সম্পৃক্ততা ছাড়া মসজিদে নিকাহ অনুষ্ঠান আয়োজনের অনুমতি দেওয়া হবে না।

৩। আবেদন ও পূর্বানুমোদন

নিকাহ অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ও সময়ের আগে আবেদন করতে হবে। এ উদ্দেশ্যে বর বা কনের অভিভাবক মসজিদের ইমাম, মুয়াজ্জিন অথবা সুপারভাইজারের সঙ্গে যোগাযোগ করে অনুষ্ঠানের তারিখ ও যে নামাজের পর নিকাহ অনুষ্ঠিত হবে, তা জানাবেন। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বিষয়টি সদস্য সচিবকে অবহিত করবেন। মসজিদ কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পরই নিকাহ অনুষ্ঠান আয়োজন করা যাবে।

৪। মসজিদ উন্নয়ন তহবিলে সহযোগিতা

বনানী ডিওএইচএস জামে মসজিদে নিকাহ অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে মসজিদের উন্নয়ন কার্যক্রমে সহযোগিতার অংশ হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মসজিদ উন্নয়ন তহবিলে জমা দেওয়ার জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে। অনুগ্রহ করে উক্ত অর্থ নিকাহের নির্ধারিত তারিখের পূর্বে মসজিদের সুপারভাইজারের নিকট জমা দিয়ে প্রাপ্ত মানি রসিদটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করবেন।

৫। মহিলাদের নামাজের স্থান ব্যবহার

সাধারণভাবে মহিলাদের নামাজের স্থান নিকাহ অনুষ্ঠানের জন্য ব্যবহার করা যাবে না। তবে জুমার দিনে বিশেষ প্রয়োজন দেখা দিলে মসজিদ কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এ বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

৬। ছবি ও ভিডিও ধারণ

মসজিদের পবিত্রতা ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখার স্বার্থে নিকাহ অনুষ্ঠানে পেশাদার ফটোগ্রাফার, ভিডিওগ্রাফার, ক্যামেরা টিম বা ভিডিও টিমের প্রবেশ ও কার্যক্রম অনুমোদিত হবে না।

৭। শৃঙ্খলা ও পরিচ্ছন্নতা

নিকাহ অনুষ্ঠানে অংশগ্রহণকারী সবাইকে মসজিদের পবিত্রতা, পরিচ্ছন্নতা, নীরবতা ও আদব-কায়দা বজায় রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। মসজিদের নির্ধারিত প্রবেশপথ ব্যবহার করতে হবে এবং নামাজ বা অন্যান্য ধর্মীয় কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হয়—এমন কোনো কাজ করা যাবে না।

৮। নীতিমালা অনুসরণ

নিকাহ অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে উপরোক্ত নীতিমালা অনুসরণ করার জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে। যেকোনো বিশেষ পরিস্থিতিতে মসজিদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আল্লাহ তাআলা আমাদের সবার পারিবারিক ও সামাজিক জীবনে কল্যাণ দান করুন এবং বনানী ডিওএইচএস জামে মসজিদের সার্বিক উন্নয়ন ও খেদমতকে কবুল করুন। আমিন।